গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
স্থানীয় সরকার শাখা
www.lalmonirhat.gov.bd

## জেলা জন্ম ও মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স কমিটির আগস্ট, ২০২৬ মাসের সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মুহঃ রাশেদুল হক প্রধান<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ১৭ আগস্ট, ২০২৬ |
| সভার সময় | দুপুর ১২.৪৫ টা |
| স্থান | সার্কিট হাউজ সম্মেলন কক্ষ, লালমনিরহাট |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" |

জেলা জন্ম ও মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স কমিটির আগস্ট, ২০২৬ মাসের মাসিক সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। অতঃপর উপপরিচালক, স্থানীয় সরকার ও সদস্য সচিব সভাকে অবহিত করান যে, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে অধিকতর গতিশীলতা আনয়ন এবং যথাসময়ে নিবন্ধন ও সনদ প্রদান নিশ্চিত করার লক্ষ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন নির্দেশিকা-২০১১ প্রণয়ন করা হয়েছে। আলোচ্যসূচি অনুযায়ী উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট এ জেলার জুলাই, ২০২৬ মাসের জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত চিত্র তুলে ধরেন।

০২. লালমনিরহাট জেলার জুলাই, ২০২৬ মাসের জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত চিত্র:

| ক্রমিক নং | উপজেলা | ০-১ বছরের মধ্যে জন্ম নিবন্ধন এর টার্গেট | ০-১ বছরের মধ্যে জন্ম নিবন্ধন এর তথ্য | জন্ম নিবন্ধনের শতকরা হার | মৃত্যু নিবন্ধন টার্গেট | মৃত্যু নিবন্ধন | মৃত্যু নিবন্ধনের শতকরা হার |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | সদর | ৭৫৭ | ৪৫৫ | ৬০.১১ | ১৯৪ | ১৩৮ | ৭১.১৩ |
| ২ | আদিতমারী | ৫০৯ | ৩৪৫ | ৬৭.৭৮ | ১৩১ | ১০৮ | ৮২.৪৪ |
| ৩ | কালীগঞ্জ | ৫৫৯ | ৩৯৩ | ৭০.৩০ | ১৪৫ | ৯৯ | ৬৮.২৮ |
| ৪ | হাতীবান্ধা | ৫৩৬ | ৪৮৫ | ৯০.৪৯ | ১৪৪ | ৭৭ | ৫৩.৪৭ |
| ৫ | পাটগ্রাম | ৫৩০ | ৩৮৮ | ৭৩.২১ | ১৩৩ | ৯৩ | ৬৯.৯২ |
| মোট = | | ২৮৯১ | ২০৬৬ | ৭১.৪৬ | ৭৪৭ | ৫১৫ | ৬৮.৯৪ |

০৩. সভায় জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.১ | জেলা ও উপজেলা পর্যায়ের সরকারি এবং বেসরকারি হাসপাতাল ও ক্লিনিকে জন্ম গ্রহণকারী শিশুর জন্ম নিবন্ধন এবং মৃত্যুবরণকারীর মৃত্যু নিবন্ধন নিশ্চিত করার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) সিভিল সার্জন, লালমনিরহাট<br>খ) উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট<br>গ) উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, লালমনিরহাট<br>ঘ) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট |

| | | |
|---|---|---|
| ৩.২ | জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত মাসিক সভায় জন্ম ও মৃত্যু নিবন্ধন গতিশীলকরণে তাদের করণীয় সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে যথাযথ দিকনির্দেশনা প্রদান করতে হবে। | ক) উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট<br>খ) উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, লালমনিরহাট<br>গ) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট |
| ৩.৩ | ইউনিয়ন পরিষদে অনুষ্ঠিতব্য সকল মাসিক সভায় ইউনিয়ন পর্যায়ে পরিবার পরিকল্পনা কার্যালয়ে কর্মরত মাঠকর্মীদেরকে আমন্ত্রণপূর্বক তাদের নিকট হতে হালনাগাদ তথ্যাদি সংগ্রহ করার বিষয়ে নির্দেশনা প্রদান করতে হবে। | |
| ৩.৪ | উপপরিচালক, পরিবার পরিকল্পনা, লালমনিরহাট ও উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার অধীনস্ত মাঠকর্মীদের সহযোগিতায় ইউনিয়ন পরিষদ, ওয়ার্ড সদস্য ও গ্রামপুলিশদের মাধ্যমে তথ্য সংগ্রহ করতে হবে এবং শিশু জন্মের ৪৫ দিনের মধ্যে যাতে জন্ম নিবন্ধন সম্পন্ন করা হয়, সে বিষয়ে নির্দেশনা প্রদান করতে হবে। টিকা কেন্দ্রসমূহে শিশুদের টিকাপ্রদানের ক্ষেত্রে জন্মসনদ বাধ্যতামূলক করতে হবে এবং টিকা কার্ডে জন্ম নিবন্ধন নম্বর লিখতে হবে। | ক) উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট<br>খ) উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, লালমনিরহাট<br>গ) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট |
| ৩.৫ | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্রশাসকের সভাপতিত্বে ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা ও গ্রামপুলিশদের নিয়ে প্রতি মাসে জন্ম ও মৃত্যু নিবন্ধন অগ্রগতির বিষয়ে নিয়মিত পর্যালোচনা সভা আহ্বানের নির্দেশনা প্রদান করতে হবে। | ক) উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট<br>খ) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট |
| ৩.৬ | শিশু জন্ম গ্রহণের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন করার বিষয়ে ব্যাপক প্রচার-প্রচারণার নির্দেশনা প্রদান করতে হবে। শিশু জন্মের সাথে সাথে শুভেচ্ছা বার্তা ও মৃত্যুর পর শোকবার্তা পৌঁছানো বাধ্যতামূলক করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য ইউপি প্রশাসনিক কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করতে হবে। | ক) উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট<br>খ) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট |
| ৩.৭ | যে সকল ইউনিয়ন পরিষদে ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা প্রতি মাসের লক্ষ্যমাত্রা অর্জন করবেন তাদেরকে পুরস্কৃত করতে হবে এবং ডিও লেটার প্রদানের মাধ্যমে উৎসাহিত করতে হবে। বার বার তাগিদ প্রদান সত্ত্বেও যে সকল ইউনিয়ন পরিষদের দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণ দায়িত্ব পালনে ব্যর্থ হবেন তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট<br>খ) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট |
| | **বিবিধ:**<br>৩.৮.১] জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি কর্মকর্তা-কর্মচারী ও তাদের পরিবারের সকল সদস্যের জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করার বিষয়ে সংশ্লিষ্ট জেলা পর্যায়ের কর্মকর্তা ও উপজেলা পর্যায়ের দপ্তর প্রধানকে পত্র প্রদান করতে হবে। | ক) উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট<br>খ) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট |
| | ৩.৮.২] বয়স্কভাতা, বিধবাভাতা, প্রতিবন্ধী ভাতা, হিজড়াসহ অন্যান্য সকল ভাতাভোগীদের এবং তাদের পরিবারের সকল সদস্যের জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করতে সংশ্লিষ্ট দপ্তরসমূহে পত্র প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট |
| | ৩.৮.৩] মাতৃত্বকালীন ভাতা এবং ভিজিডি কার্ডধারী সকল মহিলা এবং তাদের পরিবারের সকল সদস্যের জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট<br>খ) উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, লালমনিরহাট |

| | | |
|---|---|---|
| ৩.৮ | ৩.৮.৪] বিআরডিবি এবং পল্লী সঞ্চয় ব্যাংক থেকে ঋণ গ্রহীতাদের নিজ এবং পরিবারের সকল সদস্যের জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করার বিষয়ে পত্র প্রদান করতে হবে। | ক) উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট<br>খ) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট |
| | ৩.৮.৫] ব্যাংক একাউন্ট খোলার সময়, ঋণ প্রদানের সময় সেবাগ্রহণকারীর এবং তার পরিবারের সকল সদস্যের জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করতে জেলা ও উপজেলা পর্যায়ের ব্যাংকসমূহকে পত্র প্রদান করতে হবে। | |
| | ৩.৮.৬] জেলা মৎস্য অফিস, উপজেলা মৎস্য অফিস, প্রাণিসম্পদ অফিস এবং কৃষি অফিস প্রণোদনা দেওয়ার পূর্বে ঐ সকল সেবা গ্রহীতার নিজ এবং তার পরিবারের সকল সদস্যের জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করতে জেলা ও উপজেলা পর্যায়ের অফিসসমূহকে পত্র প্রদান করতে হবে। | |
| | ৩.৮.৭] যুব ঋণ প্রদান এবং যুব প্রশিক্ষণ প্রদানের পূর্বে যুবকদের নিজ এবং তার পরিবারের সকল সদস্যের জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করতে জেলা সদরে অবস্থিত ব্যাংকসমূহকে এবং উপজেলা পর্যায়ের ব্যাংকসমূহকে পত্র প্রদান করতে হবে। | ক) উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট<br>খ) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট |
| | ৩.৮.৮] আনসার সদস্যের নিজ এবং তার পরিবারের সকল সদস্যের জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করার জন্য জেলা ও উপজেলা আনসার ভিডিপি অফিসারকে পত্র প্রদান করতে হবে। | |
| | ৩.৮.৯] ভিডিপি প্রশিক্ষণ প্রদানের পূর্বে প্রশিক্ষণার্থীর নিজ এবং তার পরিবারের সদস্যদের জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করার জন্য পত্র প্রদান করতে হবে। | |
| | ৩.৮.১০] জেলা ও উপজেলা সমবায় অফিস কর্তৃক ঋণ প্রদানের পূর্বে সকল সমবায়ীর নিজ এবং তাদের পরিবারের সকল সদস্যদের জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করতে পত্র প্রদান করতে হবে। | ক) উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট<br>খ) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট |
| | ৩.৮.১১] বিদ্যালয়গামী সকল শিক্ষার্থীকে জন্ম নিবন্ধন নিশ্চিত করানোর লক্ষ্যে মাধ্যমিক এবং প্রাথমিক শিক্ষা অফিসারকে পত্র প্রদান করতে হবে। এছাড়াও প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের ও মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের মাসিক সমন্বয় সভায় সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এর অংশগ্রহণক্রমে জন্ম ও মৃত্যু নিবন্ধন এর গুরুত্ব ও প্রয়োজনীয়তা উল্লেখপূর্বক উৎসাহিত করার বিষয়টি নিশ্চিত করতে হবে। | ক) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট<br>খ) জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট<br>গ) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লালমনিরহাট |
| | ৩.৮.১২] জেলা ও উপজেলার সকল সার ডিলার এবং তাদের পরিবারের সদস্যের জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করতে সকল ডিলারদেরকে পত্র প্রদানপূর্বক অবহিত করতে হবে। | ক) উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট<br>খ) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট |
| | ৩.৮.১৩] খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় উপকারভোগী নির্বাচনের পূর্বে এবং নির্বাচিত উপকারভোগীদের নিজ এবং পরিবারের সকল সদস্যদের জন্ম নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং তাদের পরিবারের মৃত সদস্যদের মৃত্যু নিবন্ধন নিশ্চিত করতে পত্র প্রদান করতে হবে। | |
| | ৩.৮.১৪] জেলা ও উপজেলার সকল মসজিদের ইমামদেরকে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে প্রত্যক্ষভাবে কাজে লাগানো নিশ্চিত করতে হবে। এছাড়াও পুরোহিত এবং নিকাহ রেজিস্ট্রারদেরকেও এ কার্যক্রমে অংশগ্রহণ করতে পত্র প্রদান করতে হবে। | |

| | | |
|---|---|---|
| | ৩.৮.১৫] ইমাম, পুরোহিতসহ সকল ধর্মীয় নেতাদের কারো মৃত্যুর সংবাদ পাওয়া মাত্রই তাৎক্ষণিকভাবে স্থানীয় ওয়ার্ডের সদস্যকে অবহিত করার জন্য অনুরোধ করতে হবে। সংশ্লিষ্ট ইউপি সদস্যগণ উক্ত সংবাদ পাওয়া মাত্রই উপজেলা নির্বাহী অফিসারকে জানাবেন এবং মৃত ব্যক্তির মৃত্যু নিবন্ধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>কবরস্থান এবং শ্মশানে মৃত ব্যক্তির কবর বা শবদাহ করার সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট পত্র প্রদানপূর্বক রেজিস্টারে মৃত ব্যক্তির বিভিন্ন তথ্যের সাথে জন্ম নিবন্ধন নম্বর সংরক্ষণ করার বিষয়ে পত্র প্রদান করতে হবে। | |
| | ৩.৮.১৬] এনজিও কর্তৃক ঋণ প্রদানের পূর্বে সকল উপকারভোগীদের নিজ এবং তাদের পরিবারের সকল সদস্যদের জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করতে সকল এনজিও অফিসে পত্র প্রদান করতে হবে। | |
| | ৩.৮.১৭] জেলা প্রশাসকের কার্যালয়, বিআরটিএ, পৌরসভা এবং ঔষধ প্রশাসক অধিদপ্তর কর্তৃক লাইসেন্স প্রদান এবং নবায়নের পূর্বে লাইসেন্স গ্রহণকারীর নিজ এবং তার পরিবারের সকল সদস্যদের জন্ম নিবন্ধন এবং মৃত সদস্যদের মৃত্যু নিবন্ধন নিশ্চিত করতে পত্র প্রদান করতে হবে। | ক) উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট<br>খ) মেয়র/ প্রশাসক, লালমনিরহাট/ পাটগ্রাম পৌরসভা, লালমনিরহাট |
| | ৩.৮.১৮] টিসিবি ফ্যামিলি কার্ড প্রদানের ক্ষেত্রে সুবিধাভোগী সকল সদস্যদের এবং তাদের পরিবারের সকলের জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে পত্র প্রদানপূর্বক অবহিত করতে হবে। | |
| | ৩.৮.১৯] জন্ম ও মৃত্যু নিবন্ধনের হার বৃদ্ধি করার জন্য গ্রাম পুলিশদের নিকট জন্ম ও মৃত্যু নিবন্ধনের রেজিস্টার দিতে হবে এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদেরকে নিয়ে সভা আয়োজন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

২৭-০৮-২০২৬
**মুহঃ রাশেদুল হক প্রধান**
জেলা প্রশাসক

তারিখ: ১২ ভাদ্র ১৪৩৩ / ২৭ আগস্ট ২০২৬

**নম্বর:** ০৫.৪৭.৫২০০.০০০.০২৬.০৫.০০৩২.২১.৩৯৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ।
৩। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
৫। পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, লালমনিরহাট।
৬। সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, লালমনিরহাট।
৭। প্রশাসক, লালমনিরহাট/পাটগ্রাম পৌরসভা, লালমনিরহাট।
৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট।

৯। ......................., সদস্য, জন্ম ও মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স কমিটি, লালমনিরহাট।
১০। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট (তাঁকে সভার কার্যবিবরণীটি ওয়েবপোর্টাল
ে আপলোড করার অনুরোধসহ)।।
১১। প্রশাসক/চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), লালমনিরহাট।।

২৭-০৮-২০২৬
মোঃ রাসেল মিয়া
উপপরিচালক (ভারপ্রাপ্ত )